দৈনিক বাংলা

তারিখ 18 JAN 1996
পৃষ্ঠা ৩ কলাম ৫

## আজ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

কৃষিবিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। আজ বৃহস্পতিবার কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ১৯৯৬ সনের নির্বাচন অনুষ্ঠিত হইবে।

১১টি পদে ২২জন প্রার্থী প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। জাতীয়তাবাদী দল সমর্থিত সোনালী দলের মনোনীত প্রার্থীরা হইতেছেন সভাপতি প্রফেসর ডঃ আজাদ, এফ, এম, শরফুদ্দিন

( ৪র্থ পৃঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

(উদ্যানতত্ব) সহ-সভাপতি প্রফেসর ডঃ মোঃ ইকবাল হোসেন (প্যাথলজি), সাধারণ সম্পাদক ডঃ এ, কে, ফজলুল হক ভুঁইয়া (পশু প্রজনন), কোষাধ্যক্ষ প্রফেসর ডঃ মেসবাউদ্দিন আহমেদ (সেচ ও পানি ব্যবস্থাপনা), যুগ্ম সম্পাদক মোঃ হাম্মাদুর রহমান (কৃষি সম্প্রসারণ শিক্ষা) সদস্যবৃন্দ হইলেন : প্রফেসর মুস্তাফিজুর রহমান, প্রফেসর আবদুল বাতেন, প্রফেসর ডঃ নজরুল ইসলাম, প্রফেসর ডঃ মোঃ ইদ্রিস আলী মিয়া এবং এ, কে এম ফজলুল হক। মুক্তিযুদ্ধের সপক্ষের গণতান্ত্রিক শিক্ষক ফোরামের মনোনীত প্রার্থীরা হইলেন সভাপতি প্রফেসর ডঃ মোঃ শহীদুল্লাহ তালুকদার (সেচ ও পানি ব্যবস্থাপনা) সহ-সভাপতি প্রফেসর ডঃ মোঃ গোলাম শাহি আলম (সার্জারী) সাধারণ সম্পাদক প্রফেসর ডঃ মোঃ শাহ-ই-আলম (কৌলিতত্ব ও উদ্ভিদ প্রজনন), যুগ্ম সম্পাদক মোঃ শহীদুর রহমান খান (স্বাস্থ্য ও জীবাণু বিদ্যা), কোষাধ্যক্ষ মোঃ মোস্তাফিজুর রহমান এবং সদস্যবৃন্দ হইলেন : প্রফেসর ডঃ মোঃ ইউনুস, প্রফেসর নজরুল ইসলাম, প্রফেসর আবদুল কুদ্দুস, প্রফেসর ডঃ মুঃ আবুল কাশেম, প্রফেসর শাখাওয়াত হোসেন ও ডঃ মোঃ রফিকুল ইসলাম। জামায়াত সমর্থিত শিক্ষকরা নির্বাচনে অংশগ্রহণ করিতেছেন না। ভোটার সংখ্যা ৩৭৫ জন।